

# তিন বিভাগের সংঘর্ষে উত্তাল রোকেয়া বিশ্ববিদ্যালয়, আহত ১০ শিক্ষার্থী

বেরোবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

ফুটবল খেলাকে কেন্দ্র করে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) তিন বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ১০ শিক্ষার্থী গুরুতর আহত হয়েছেন।

জানা গেছে, প্রায় দুই সপ্তাহ আগে অনুষ্ঠিত এক ফুটবল ম্যাচকে কেন্দ্র করে মার্কেটিং ও পরিসংখ্যান (স্ট্যাটিস্টিকস) বিভাগের শিক্ষার্থীদের মধ্যে বিরোধের সূত্রপাত হয়। সেই ঘটনার জেরে সোমবার (১৩ অক্টোবর) সন্ধ্যা সাড়ে ৭টায় নতুন করে দুই বিভাগের মধ্যে সংঘর্ষ বাঁধে।

একপর্যায়ে পদার্থবিজ্ঞান (ফিজিক্স) বিভাগের শিক্ষার্থীরাও সমাধান করতে এসে তারাও এতে জড়িয়ে পড়ে।

মার্কেটিং বিভাগের শিক্ষার্থী শাহরিয়ার অপু অভিযোগ করে বলেন,  
‘আমি আর আমার এক বন্ধু চকবাজারে বাজার করতে  
গিয়েছিলাম। হঠাৎ কয়েকজন এসে আমার কলার ধরে মারধর  
শুরু করে। পরে আরো কয়েকজন আসে, যাদের মধ্যে পরিসংখ্যান  
বিভাগের একজন ছিল—সে সেই ফুটবল খেলায় অংশ নিয়েছিল।

আমরা পালানোর চেষ্টা করলে একজন আমাকে ধাক্কা দিয়ে ফেলে  
দেয়, এতে আমার হাত কেটে যায়।’

সংঘর্ষের খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো.  
শওকাত আলী, প্রক্টর ড. ফেরদৌস রহমান, রেজিস্ট্রার ড. হারুন  
অর রশীদ এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড.  
ইলিয়াস প্রামানিক ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার  
চেষ্টা করেন। তবে উভয় পক্ষের শিক্ষার্থীরা দফায় দফায় সংঘর্ষে  
জড়িয়ে পড়ে।

এ ঘটনায় পরিসংখ্যান, পদার্থবিজ্ঞান, মার্কেটিং বিভাগের প্রায় ১০  
জন শিক্ষার্থী আহত হন।

গুরুতর দুই শিক্ষার্থীকে প্রাপ্ত, ইউসুফকে রংপুর মেডিক্যাল কলেজ  
হাসপাতালে পাঠানো হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে  
পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত নিরাপত্তা জোরদার করা  
হয়েছে।

এ বিষয়ে উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী বলেন, তদন্ত  
কমিটি গঠন করা হবে। যারা অপরাধ করছে তাদেরকে বহিষ্কার

করা হবে এবং যাদের হাতে লাঠি দেখা গেছে তাদের বিচারের  
আওতায় নিয়ে আসা হবে।